

# হাজার গানে হৃদয়ের স্বরলিপি

তাওহীদুল ইসলাম
সম্পাদিত

# হাজার গানে
# হৃদয়ের স্বরলিপি

তাওহীদুল ইসলাম

গার্ডিয়ান
পাবলিকেশন

# অর্পণ

শিল্পী তাফাজ্জল হোসাইন খান

শিল্পী চৌধুরী গোলাম মাওলা

শিল্পী চৌধুরী আবদুল হালিম

ড. মাহফুজুর রহমান আখন্দ

শিল্পী গোলাম মাওলা

কবি আবু তাহের বেলাল

কবি জাকির আবু জাফর

শিল্পী লিটন হাফিজ চৌধুরী

# কিউআর কোড নোট

‘হাজার গানে হৃদয়ের স্বরলিপি’ গ্রন্থে একটি ইউনিক ফিচার যুক্ত করা হয়েছে। অধিকাংশ গানেই QR CODE তৈরি করা হয়েছে, যার মাধ্যমে পাঠকবৃন্দ বই থেকে সরাসরিই ইউটিউবে গিয়ে গান শুনতে পারবেন। ডানের কালো ছবিটি একটি QR CODE। এজন্য আপনার স্মার্টফোনের ছজ ঈঙউঊ স্ক্যানার ব্যবহার করতে হবে।

## QR কোড স্ক্যান করতে...

আপনার স্মার্টফোনের Play Store/App Store থেকে QR Code Scanner ইনস্টল করুন। Play Store/App Store-এর সার্চ অপশনে গিয়ে QR & Barcode Scanner লিখে সার্চ দিন। QR & Barcode Scanner ডাউনলোড করে নিন। অনেক স্মার্টফোনে QR Code Scanner বাই-ডিফল্ট দেওয়া থাকে; সেক্ষেত্রে আর নতুন করে ডাউনলোড করতে হবে না।




QR & Barcode Scanner অ্যাপটি ওপেন করে যেকোনো গানের কোডের উপর ধরুন। তখন আপনি কোডে থাকা লিঙ্কটি দেখতে পাবেন। লিঙ্কে টাচ করে ওপেন করুন।




আরও সুবিধার জন্য QR & Barcode Scanner অ্যাপ-এর Settings মেন্যুতে গিয়ে 'Automatically Opens Weblinks' অপশনটিতে টিক চিহ্ন দিয়ে নিন। তাহলে আরও সহজে গান টিউন হবে।




QR Code Scanner ওপেন করতে কোনো সমস্যা হলে আপনার পরিচিত কোনো স্মার্টফোনে দক্ষ কাউকে দেখিয়ে QR Code Scanner অ্যাকটিভ করে নিন। প্রয়োজনে গার্ডিয়ান সাপোর্ট টিম-এর সহায়তা নিতে পারেন।

যোগাযোগ- (০১৬২৪৯৫৯৬৭৩, ০১৮৬ ৩৯৬১৭৫৩)

# প্রকাশকের কথা

ইসলামি গান হৃদয়ের গান। মন ভালো করে দেওয়ার এই গানগুলো যেন সত্যিই হৃদয়ের স্বরলিপি। ইসলামি সংগীত মানেই বিশ্বাসী হৃদয়ে সুরের ঝংকার। বিশ্বাসের কথামালা সুরের ব্যঞ্জনায় ঝড় তোলে কোটি হৃদয়ে। সংস্কৃতির এই অনুপম ধারা সময় নদীতে সাঁতার কাটতে কাটতে প্রজন্ম থেকে প্রজন্মে বহমান। হাত বদল হতে হতে আজ আমাদের হাতে এসে পৌঁছেছে। আমাদের পূর্বপুরুষরা সর্বোচ্চ আন্তরিকতা ও দরদের সাথে ইসলামি সংগীত জগতের আলোক মশাল জ্বালিয়ে রেখেছেন। এই প্রজন্মের তরুণদের দায়িত্ব সে মশালের আলো আরও প্রাজ্ঞতার সাথে জনপদের মানুষদের কাছে বিলিয়ে দেওয়া, নিকষ কালো অন্ধকার দূর করে এক আলোকিত সমাজ গড়ার ডাক দেওয়া।

বিংশ শতাব্দী জুড়ে আর একুশ শতকের আজতক বাংলা ভাষায় অসাধারণ কিছু ইসলামি গানের লিরিক তৈরি হয়েছে। সম্মানিত গীতিকারদের প্রতি আমাদের বিনম্র শ্রদ্ধা ও কৃতজ্ঞতা। সুরকারবৃন্দ অনেক পরিশ্রম করে সুর দিয়েছেন। খ্যাতিমান ও প্রতিশ্রুতিশীল সংগীত শিল্পীবৃন্দ কণ্ঠের কারুকার্যে সে গানগুলোকে প্রাণবন্ত করে তুলেছেন। এভাবেই হাজারো গান তৈরি হয়েছে। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আমাদের তরুণ প্রজন্মের মাঝ থেকে গানগুলো হারিয়ে যাচ্ছে; তথ্য-প্রযুক্তির চরম উৎকর্ষতার এই সময়ে এটি কোনোভাবেই প্রত্যাশিত নয়। একটি গানের পেছনে অনেক মানুষের শ্রম, মেধা এবং আন্তরিকতা লুকিয়ে আছে। আমরা গার্ডিয়ান পাবলিকেশন্স গানগুলোকে এই প্রজন্মের কাছে নতুনভাবে তুলে ধরার একটা প্রয়াস হাতে নিয়েছি। বাছাইকৃত ১০০০ ইসলামি সংগীত সংকলন করে সংগীতপ্রেমী বিশ্বাসী মানুষদের আত্মার খোড়াক জোগাতে চেষ্টা করেছি। আমরা চেয়েছি হাজারো বছর ধরে বেঁচে থাক এই গানগুলো, বেঁচে থাক গানের পেছনের মানুষগুলো।

‘হাজার গানে হৃদয়ের স্বরলিপি’ নামের এই সংকলনের বিশেষত্ব হলো– প্রায় প্রতিটি গানের সাথে কিউআর কোড (QR CODE) থাকছে। অর্থাৎ, এই গানের বইয়ের ওপর অ্যান্ড্রোয়েড ফোন ধরলে QR CODE স্ক্যানারের মাধ্যমে সরাসরিই উটিউবে সেই গান টিউন হবে। আশা করছি, এই ইউনিক ফিচার আপনাদের ভালো লাগবে। পৃথিবীর কোথাও গানকে এভাবে সংকলিত করা হয়েছে কি না আমাদের জানা নেই। প্রতিটি গান ধরে ধরে QR CODE তৈরি করতে আমাদের প্রায় ৬ মাস পরিশ্রম করতে হয়েছে।

তরুণ উদীয়মান সংগীতশিল্পী তাওহীদুল ইসলাম ভাইকে গার্ডিয়ান পরিবারের পক্ষ থেকে অসংখ্য মোবারকবাদ। প্রায় ৩বছর ধরে তিনি পরিশ্রম করে এই সংকলন প্রস্তুত করেছেন। পাণ্ডুলিপি জমা দেওয়ার পরেও প্রায় ১ বছর ধরে তিনি গার্ডিয়ান অফিসে এসে পরিশ্রম করেছেন। আল্লাহ রাব্বুল আলামিন তাকে উত্তম প্রতিদান দিন। এই বিশাল কর্মযজ্ঞকে তুলনামূলক নিখুঁত করতে আমরা সময় নিয়েছি, অনেকের পরামর্শ ও সহযোগিতা নিয়েছি। গার্ডিয়ান টিমকেও আমি বিশেষ ধন্যবাদ জানাচ্ছি, এই কাজটি নিয়ে তারা অনেক পরিশ্রম করেছেন। আল্লাহ তায়ালা প্রত্যেককে উত্তম জাজাহ দান করুন।

ইসলামি গান নিয়ে আমাদের এই আয়োজন একটু ব্যতিক্রম, একটু ভিন্ন। আশাকরছি 'আপনারা হাজার গানে হৃদয়ের স্বরলিপি' উপভোগ করবেন। আমাদের জন্য দুআ অব্যাহত রাখবেন।

**নূর মোহাম্মাদ আবু তাহের**
বাংলাবাজার, ঢাকা
মে, ২০১৯

# প্রসঙ্গ-কথা

বাংলা গানে ইসলামী গানের সংযোজন ছিল এক অভিনব বিস্ময়ের বিষয়। ইসলামী গান বলতে আমরা আজকের দিনে যা বুঝি, কাজী নজরুল ইসলাম ও আব্বাসউদ্দিনের পূর্বে বাংলাদেশে তার কোন সুস্পষ্ট ধারা বিদ্যমান ছিল না। বাংলার রক্ষণশীল মুসলমান সমাজ গানকেই হারাম বলতো একসময়ে। কিংবদন্তী শিল্পী আব্বাসউদ্দিনের প্রেরণায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ইসলামী গান রচনায় উদ্বুদ্ধ হন। তাদের গানেই মুসলমান সমাজ জেগে উঠেছিল আপন শিল্পসত্তায়। আব্বাসউদ্দিন আহমদ তাঁর আত্মজীবনীমূলক গ্রন্থে সে সময়ের এক দৃশ্যপটের বর্ণনা দিয়েছেন সুন্দরভাবে :

'এরপর কাজিদা লিখে চললেন ইসলামী গান। আল্লা-রসূলের গান পেয়ে বাংলার মুসলমানের ঘরে ঘরে জাগল এক নব উন্মাদনা। যারা গান শুনলে কানে আঙ্গুল দিত তাদের কানে গেল– আল্লা নামের বীজ বুনেছি, নাম মোহাম্মদ বোল রে মন নাম আহমাদ বোল। কান থেকে হাত ছেড়ে দিয়ে তন্ময় হয়ে শুনল এ গান, আরো শুনল আল্লাহ আমার প্রভু আমার নাহি নাহি ভয়। মোহররমে শুনল মর্সিয়া, শুনল ত্রিভুবনের প্রিয় মোহাম্মাদ এলো রে দুনিয়ায়। ঈদে নতুন করে শুনল, এলো আবার ঈদ ফিরে এলো আবার ঈদ, চল ঈদগাহে। ঘরে ঘরে এলো গ্রামোফোন রেকর্ড, প্রতিধ্বনিত হতে লাগল আল্লা-রসূলের নাম।' (আমার শিল্পীজীবনের কথা, পৃষ্ঠা ৪৮)

নজরুল পরবর্তী দীর্ঘ পথপরিক্রমায় তৈরি হয়েছে হাজার হাজার ইসলামী গান। অথচ ইসলামী গান নিয়ে এ পর্যন্ত তেমন কোন গবেষণা হয়নি, প্রণীত হয়নি গবেষণানির্ভর কোন সংকলন। আমাদের দুর্ভাগ্য, অযত্ন অবহেলায় কালের বিবর্তনে অসংখ্য গান আমরা হারিয়ে ফেলেছি। এছাড়াও রয়েছে তথ্যের অপ্রতুলতা ও বাণীর শুদ্ধতার সঙ্কট। এইসব প্রতিকূলতার মধ্যেও দায়িত্ববোধের তাড়না থেকেই এই সংকলনের প্রয়াস।

জনপ্রিয় গানের পাশাপাশি কাব্যধর্মী শিল্পোত্তীর্ণ গানগুলোকে প্রাসঙ্গিক তথ্যসহ উপস্থাপন করার যথাসম্ভব চেষ্টা করেছি। বিশেষ করে যে গানগুলো সুরারোপ হয়েছে বা কোন অ্যালবামে এসেছে। আগেকার অ্যালবামগুলো ছিল অডিও ফিতার, যেগুলো এখন বিলুপ্তপ্রায়। সেগুলোর তথ্য আহরণের জন্য এবং প্রচ্ছদ সংগ্রহের জন্য দেশের বিভিন্ন প্রান্তে ছুটে গিয়েছি। প্রচ্ছদের গায়ে গীতিকারের নাম দেখে দেখে গানগুলো চিহ্নিত করা হয়েছে। এ সংকলনে নবীন-প্রবীণ গীতিকারদের গানের সম্মিলন করা হয়েছে। গানগুলো বিষয়-ভিত্তিকভাবে সাজানো হয়েছে এবং পাঠক, গবেষকদের সুবিধার জন্য বইটির শেষে বর্ণানুক্রমিক সূচি দেয়া হয়েছে।

সংকলনের কাজ করতে গিয়ে সহায়ক গ্রন্থের বড় অভাব বোধ করেছি। গুণী ও প্রখ্যাত গীতিকারদের গীতিগ্রন্থ প্রকাশিত হয়নি, ফলে অধিকাংশ গান রেকর্ড অথবা সিডি শুনে লিপিবদ্ধ করতে হয়েছে। এর পরেও কিছু সংকলন মনে আশার সঞ্চার করেছে যেমন–

আসকার ইবনে শাইখ সম্পাদিত "নবজীবনের গান", মুস্তাফা জামান আব্বাসী সম্পাদিত "আব্বাসউদ্দিন আহমদের গান", আবদুস সাত্তার সম্পাদিত "নাত যুগে যুগে", কবি মতিউর রহমান মল্লিক সম্পাদিত "প্রত্যয়ের গান", বিআইসি প্রকাশিত "ইসলামী গানের সংকলন", আসাদ বিন হাফিজ সম্পাদিত "নির্বাচিত হামদ", "নির্বাচিত নাত", এছাড়াও "দ্রোহ ও মুক্তির গান" সংকলনগুলো থেকে তথ্য আহরণ করেছি।

আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি শ্রদ্ধেয় শিল্পী তাফাজ্জল হোসাইন খান, শিল্পী সাইফুল্লাহ মানছুর, শিল্পী মশিউর রহমান, শিল্পী গোলাম মাওলা, শিল্পী লিটন হাফিজ চৌধুরী এবং শিল্পী কামরুল ইসলাম হুমায়ুনের প্রতি যারা এই সংকলন প্রকাশে প্রভূত সহযোগিতা এবং উৎসাহ প্রদান করেছেন। আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি এই সংকলনের গানসমূহের গীতিকার, সুরকার এবং কণ্ঠশিল্পীদের প্রতি। চেষ্টা করা হয়েছে বইটি নির্ভুলভাবে পাঠকের কাছে উপস্থাপন করার। যদি কোন ভুল ধরা পড়ে এবং কোনো তথ্য বাদ পড়ে থাকে– পাঠকের কাছ থেকে সেটি জানতে পারলে কৃতজ্ঞ থাকবো। আমি বিশ্বাস করি, এই সংকলন সংগীতশিল্পী, সংগীতশিক্ষক-শিক্ষার্থী ও গুণগ্রাহী সকলকেই ইসলামী গানের বিশুদ্ধ বাণী এবং তথ্য সম্বন্ধে সম্যক ধারণা দিতে সক্ষম হবে। ইসলামী গানের মহিমাকে সমুন্নত রাখার লক্ষ্যে এই সংকলন ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী।

দেশের অন্যতম সৃজনশীল প্রকাশনা সংস্থা গার্ডিয়ান পাবলিকেশন্স 'হৃদয়ের স্বরলিপি' প্রকাশের দায়িত্ব নেওয়ায় তাদেরকে জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ।

**তাওহীদুল ইসলাম**
ঢাকা, এপ্রিল ২০১৯
tislam011@gmail.com

# সূচিপত্র


হামদ
আমি দেশে দেশে গেয়ে বেড়াই ২৪
আল্লাহ আমার প্রভু ২৪
এই সুন্দর ফুল সুন্দর ফল ২৫
ফুলে পুছিনু বল ২৫
জপে তোমারি নাম ২৬
তুমি অনেক দিলে খোদা ২৬
তুমি আশা পুরাও খোদা ২৭
অনন্ত অসীম প্রেমময় তুমি ২৭
হে খোদা দয়াময় রহমান ও রহিম ২৮
বাদশাহ তুমি দ্বীন ও দুনিয়ার ২৮
খোদা তোমার রাহে হই কোরবান ২৯
সকল তারিফ তোমার খোদা ২৯
তোমার দয়া আছে খোদা ৩০
তোমার দয়ায় জাহান সারা ৩০
তোমার নামের তাসবিহ খোদা ৩১
আল্লাহু এই নামের কালাম ৩১
আল্লাহু আল্লাহু তুমি জাল্লে জালালুহু ৩২
আকাশ বাতাস চন্দ্র তারা ৩২
তবু তোমার করুণা ৩৩
খোদা সন্ধ্যা-সকাল নিশি-দিবস ৩৩
সব প্রশংসা তোমার আল্লাহ ৩৪
দৃষ্টি তোমার খুলে রাখো দীপ্র সৃষ্টির জন্য ৩৪
তোমার সৃষ্টি যদি হয় এত সুন্দর ৩৫
মাঠ ভরা ওই সবুজ দেখে ৩৫
লা ইলাহা ইল্লাল্লাহ ৩৬
তনু মনে তুলবো তুমুল ৩৬
এই দুটি চোখ দিয়েছ বলে ৩৭
যেমন তুমি দিলে জমিন ৩৭
প্রশংসা সবই কেবল তোমারি ৩৮
সাগরের ঢেউয়ের দোলাতে ৩৮
আল্লাহর রঙে যারা রাঙা হতে চায় ৩৯
চালতা পাতার কাজ ৩৯
শিল্পী তুমি হে রহমান ৪০
৪০ তাঁর দুহাতে নিয়ামত সম্ভার
৪১ কে দিয়েছে নদীর পানি
৪১ আল্লাহ আমার রব
৪২ তুমি রহমান তুমি মেহেরবান
৪২ আল্লাহু আল্লাহু
৪৩ এসো না আল্লার নামে গান গাই
৪৩ বল তো কার ইশারায়
৪৪ সুবহানাল্লাহ আলহামদুলিল্লাহ
৪৪ এই যে সবুজ বন বনানী
৪৫ তোমার মহান নামে খুঁজি
৪৫ প্রশস্তি স্তবগান
৪৬ সারাদিন আমি
৪৬ ও তুই একবার শুধু
৪৭ আমি তোমার মতো আপন করে
৪৭ আকাশে সুনীল চাঁদোয়া আঁকা
৪৮ ওই পাহাড় আর গাছ গাছালি
৪৮ ত্রিভুবনে শোর উঠেছে
৪৯ হৃদয় ভরে গা আল্লারই গান
৪৯ তোমার নামে যদি গান গাওয়া হয়
৫০ সারা জাহানের মালিক প্রভু
৫০ তুমি ছাড়া এই পৃথিবী
৫১ আমার এ গান আমার এ সুর
৫১ আল্লাহ তুমি সৃষ্টিকারী
৫২ হাসনা হেনা ফুটেছে
৫২ যদি সাগরের জলকে কালি করি
৫৩ নিরাশাতে আশা তুমি
৫৩ কী বিপুল সৃষ্টি তোমার
৫৪ আকাশের ওই নীল উদাসী হাওয়া
৫৪ আল্লাহু আল্লাহু জিকির মনে
৫৫ খুব সকালে পাখির গলে
৫৫ কী যে নিরুপম শিল্পীত রূপে
৫৬ মাওলা তোমার প্রিয় নামে
৫৬ হাসবি রাব্বি জাল্লাল্লাহ
৫৭ তুমি কত সুন্দর কী করে বোঝাই

বাতাসেরা কানে কানে ৫৭
আমরাও জেনে গেছি কে তুমি ৫৮
এই মাটি ফুল ফল ৫৮
আধ ফালি চাঁদ ৫৯
সাগর-নদী আর পাহাড়-বনে ৫৯
ওই চাঁদের আলো আজ ৬০
কোন সেই শিল্পী ৬০
তোমার নামে মধুর গানে ৬১
আল্লাহ তুমি অপরূপ ৬১
আল্লাহ তোমার স্নেহের ছায়ায় ৬২
ও আকাশ কেন নীলিম তুমি ৬২
শিল্পীর সেরা শিল্পী তুমি ৬৩
ওই ঝরনাধারা বয়ে যায় ৬৩
শিরায় শিরায় রক্ত কণায় ৬৪
অসীম দিগন্তে তাকালে ৬৪
দীন দুনিয়ার মালিক তুমি ৬৫
আকাশে মেঘের ভেলা ৬৫
আল্লাহু এই নামটি নিলে ৬৬
রাত্রির আকাশে জোছনা চাদর ৬৬
জোছনা ভরা চাঁদনী রাতে ৬৭
পৃথিবীতে এত ভাষা নেই ৬৭
ওই নীলিমায় বলো কে আছে ৬৮
এই পৃথিবী ওই আকাশের ৬৮
তোমারই তারিফ করি শুধু আমি ৬৯
আমার মালিক বিশ্বপালক ৬৯
দীন দুনিয়ার বাদশা তুমি ৭০
আল্লাহ তুমি সৃষ্টিকারী ৭০
আমি মেঘমুক্ত আকাশ ৭১
কান পেতে শুনেছি ৭১
তোমার নামে আমি কত গান গাই ৭২
আমার এই কণ্ঠের যতটুকু সুর ৭২
ধন্য হলো এই ধরণী ৭৩
সৃষ্টি তোমার কী যে অপরূপ ৭৩
আল্লাহ সুমহান ৭৪
যদি পৃথিবীর সব জল ৭৪
এই ধরণী ওই যে গগন ৭৫
তুমি সুন্দর তাই ওগো ৭৫
এই ধরণী ওই নীল আসমান ৭৬
মনে জাগে প্রশান্তি মোর ৭৬
এমন সুন্দর পৃথিবী ৭৭
আর রহমান ৭৭
তোমার নামে গায় পাখিরা গান ৭৮
পাতায় পাতায় তোমার জিকির শুনি ৭৮


নাত


আসিছেন হাবিব-এ খোদা ৮০
তোরা দেখে যা আমিনা মায়ের কোলে ৮০
তৌহিদের মুর্শিদ আমার ৮১
ত্রিভুবনের প্রিয় মোহাম্মদ ৮১
পুবান হাওয়া পশ্চিমে যাও ৮২
আমি যদি আরব হতাম ৮২
মোহাম্মদের নাম জপেছিলি ৮৩
হেরা হতে হেলে দুলে ৮৩
আল্লাকে যে পাইতে চায় ৮৪
সাহারাতে ফুটল রে ৮৪
এ কোন মধুর শরাব দিলে ৮৫
নাম মোহাম্মদ বোল রে মন ৮৫
মোহাম্মদ নাম যতই জপি ৮৬
ইসলামের ওই সওদা লয়ে ৮৬
মোহাম্মদের নামের ধেয়ান ৮৭
দূর আরবের স্বপন দেখি ৮৭
আয় মরুপারের হাওয়া ৮৮
নিখিলের চির সুন্দর সৃষ্টি ৮৮
ইয়া নবি সালাম আলাইকা ৮৯
ওগো মদিনা মনোয়ারা ৮৯
রসূল নামে ৯০
ওগো নুর নবি হজরত ৯০
জাগলে আঁধার রাতের ভালে ৯১
তুমি সুন্দর– সুন্দরতম ৯১
খোদার পিয়ারা হাবিব তোমার পরে ৯২
তোমার মতো দয়াল বন্ধু ৯২
মা আমিনার কোলে এলেন ৯৩

আকাশ হতে চাঁদ নেমেছে ৯৩
ঘুমিয়ে আছ রাসূল আমার ৯৪
মোহাম্মদ মোস্তফা আল আরাবি ৯৪
মনে বড় আশা ছিল ৯৫
দুখের দিনের দরদি মোর ৯৫
নবি মোর পরশ মনি ৯৬
মন ভোমরা মজলি না তুই ৯৬
পাখি তুই কখন এসে বলে গেলি ৯৭
কুল মখলুকাতের জুলমত ভেদি ৯৭
বালাগাল উলা বি কামালিহি ৯৮
আমার অন্তরেতে জাগিয়ে রাখি ৯৮
সময় ডুবু ডুবু ৯৯
মারহাবা সৈয়দে মক্কি মদনি ৯৯
আয় কে যাবি সঙ্গে আমার ১০০
রাসূল আমার ভালোবাসা ১০০
বাংলাদেশের প্রান্ত হতে ১০১
এলো কে কাবার ধারে ১০১
সে কোন বন্ধু বলো বেশি বিশ্বস্ত ১০২
ওগো ও কামলিওয়ালা ১০৩
তোমাকে স্মরণ করতে দেখেছি ১০৩
তলাআল বাদরু আলাইনা ১০৪
তিনি নন তো শুধু আরবের ১০৪
আমি তো আমার চেয়ে তোমাকে ১০৫
যার এতায়াত করলে জীবন ১০৫
কারোর কাছে চাননি কিছু ১০৬
যে ফুল যুগ যুগান্তরে খুশবু ছড়ায় ১০৬
হে রাসূল বুঝি না আমি ১০৭
তুমি রহমতে আলম ১০৭
বলতে শুনি নাম মুখে মুখে ১০৮
ইয়া রাসূলাল্লাহ ইয়া হাবিবাল্লাহ ১০৮
শোনো যার উসিলায় আমরা সবাই ১০৯
স্বপনে মননে ১০৯
এখনো তুই কেন রে মিছে ১১০
ঘুমিয়ে আছ এই মাটিতে ১১০
ও বন্ধুরে ও বন্ধুরে ১১১
লক্ষ চাঁদের আলো নিয়ে ১১১
দুনিয়াবাসীর জন্য ১১২
১১২ রাসূল ফুলের সুরভীতে
১১৩ সালাম সালাম হাজার সালাম
১১৩ তুমি আছ হৃদয়ের গভীরে
১১৪ আঁখির আড়াল হলে
১১৪ প্রেমের ফল্গুধারা
১১৫ আল আরাবি কামলিওয়ালা
১১৫ আমার মন শুধুই কাঁদে হায়
১১৬ গভীর রাতে জানালাতে
১১৬ সালাম তোমাকে হাজারো সালাম
১১৭ রাসূল তুমি যে আমার
১১৭ ফুলের মতো ফুল হতে চাই
১১৮ সাগরের সাথে যদি খুঁজি উপমা
১১৮ ওগো রাসূল প্রিয় রাসূল
১১৯ জানে তো জানে ফেরেশতারা
১১৯ নাও বাঁধিস না
১২০ দূর আরবের মরুর বুকে
১২০ ওই দেখা যায় মসজিদে নববি
১২১ কতো দূর ওই মদিনার পথ
১২১ চাঁদের চেয়ে সুন্দর তুমি
১২২ সাইয়্যেদুল মুরসালিন
১২২ বনের পশু চিনলো যারে
১২৩ ও কামলিওয়ালা
১২৩ মোহাম্মদ এই একটি নামে
১২৪ মন কেনো আজ যায় ছুটে
১২৪ উষর মরুর ধূসর বুকে
১২৫ তুমি এলে তাই উঠল হেসে
১২৫ হে রাসূল তুমি জান্নাতি ফুল
১২৬ তুমি জাগরণে থেকো শয়নে
১২৬ O Prophet Muhammad
১২৭ হজরত মুহাম্মদ মুস্তফা
১২৭ তোমারে কি ভুলে থাকা যায়
১২৮ রাতটা যখন নিঝুম হয়
১২৮ রাসূল তুমি আলোক শিখা
১২৯ অপরূপ সুন্দর পূর্ণিমা চাঁদ
১২৯ মরুর বুকে ফুটল যেদিন
১৩০ যাকে আমি বেশি ভালোবাসি
১৩০ মরু মাঠে যে ছেলেটি চড়াতেন মেষ

শুভ্র কবুতর যা রে উড়ে ১৩১
কালা কোকিল রে কার নামে তুই ১৩১
ওগো নবি দোজাহানের ১৩২
এলে যেদিন ওগো তুমি ১৩২
পূর্ণিমারই চাঁদ নামিল ১৩৩
খোদার হাবিব রাসূল তুমি ১৩৩
মনের মাঝে একটাই স্বপ্ন ১৩৪
আমি কুরআনের সুর মাঝে ১৩৪
মনটা যদি হইতো পুবাল হাওয়া ১৩৫
পৃথিবী যখন ঘোর আঁধারে ১৩৫
যার আগমনে বনে বনে ১৩৬
হাজার ব্যথা বেদনার পরে ১৩৬
সুন্নাত ১৩৭
বিধায়ক আলোক তুমি ১৩৭
তোমাকে নিয়ে আমি সার্থক কোনো গান ১৩৮
কে এলো রে মরু আরবে ১৩৮
শুধু একজনকে ভালোবাসলেই ১৩৯
দুখের বাণে বিদ্ধ হলাম ১৩৯
রাসূল আমার কামলিওয়ালা ১৪০
ওগো ও নুর নবি হজরত ১৪০
তোমার আগমনে ত্রিভুবনে ১৪১
বালাগাল উলা বি কামালিহি ১৪১
আমায় কেন করলে না গো ১৪২
তুমি যদি কভু ১৪২
অগণন সৃষ্টির ভিড়ে ১৪৩
প্রথম যেদিন জেনেছি তোমার নাম ১৪৩
তুমি এক শীতল সাগর ১৪৪
মরু-বিয়াবানে ১৪৪
হে রাসূল আমার ১৪৫
আঁধারের বুক চিরে ১৪৫
দ্বাদশী পূর্ণীমার জোছনা নিয়ে ১৪৬
মুহাম্মাদুন ১৪৬

মুনাজাত

খোদা এই গরিবের শোনো ১৪৮
শোন শোন, ইয়া ইলাহি ১৪৮
রোজ হাশরে আল্লাহ আমার ১৪৯
১৪৯ ওগো মাবুদ তুমি ছাড়া
১৫০ তোমার হক আদায় করার
১৫০ আমার মনের সাধ যা কিছু
১৫১ দে পানাহ দে ইয়া এলাহি
১৫১ ভুবন ভরা যে তোমার নামেতে
১৫২ দাও ফিরিয়ে দাও হে-খোদা
১৫২ দাও ফিরিয়ে দাও খোদা
১৫৩ দূর মদিনার খোশবু নিয়ে
১৫৩ আমার কণ্ঠে এমন সুধা
১৫৪ নিজেকে চেনার তুমি
১৫৪ হে খোদা মোর হৃদয় হতে
১৫৫ এই গুনাহগার প্রভু
১৫৫ হাত পেতেছে এই গোনাহগার
১৫৬ ধৈর্যধারণ করার শক্তি
১৫৬ যখন পথের দিশা দিয়েছ খোদা
১৫৭ হে করুণার আধার খোদা
১৫৭ দ্বীন কায়েমের পথে চলার
১৫৮ আকাশের মতো করো
১৫৮ সুন্দর করো
১৫৯ সেই সংগ্রামী মানুষের সারিতে
১৫৯ যেন আল্লাহ নামে গাইতে পারি
১৬০ আমি গোনাহগার চাহি করুণা
১৬০ আমাদের খালি হাত ভরে দাও রব
১৬১ আমাদের এক করে দাও
১৬১ কী নিয়ে দাঁড়াবো আমি
১৬২ আমাকে মানুষ কেন বানালে তুমি
১৬২ অন্তরে অন্তরে তোমার বীণার সুরে
১৬৩ হে রহমান হে দয়াবান
১৬৩ খোদা তোমার নামেরই গান
১৬৪ পৃথিবী না জানুক আমি তো জানি
১৬৪ ভুল যদি করে থাকি
১৬৫ পৃথিবীর হাজারো কাজের ভিড়ে
১৬৫ আমি যদি কোনো দিন
১৬৬ তুমি মাফ করে দাও প্রভু
১৬৬ খোদা আমাকে তুমি
১৬৭ তোমার সুনীল আকাশ থেকে
১৬৭ যখন আমার কেউ থাকে না

খোদা তুমি দয়া কর ১৬৮
হাজার লোকের ভিড়ে ১৬৮
বৃষ্টি ঝরাও মনের কোণে ১৬৯
আমি হতে চাই ১৬৯
আমায় এমন হৃদয় দাও প্রভু ১৭০
ওগো রাব্বুল আলামিন ১৭০
যদি জীবন চলার পথে ১৭১
খুব সকালে তোমার কাছে ১৭১
প্রভু তুমি দয়া করো ১৭২
মালিক তুমি জান্নাতে ১৭২
বিপদে মুসিবতে ১৭৩
কাফনের কাপড়টাকে ১৭৩
আল্লাহ তোমার কাছে ১৭৪
জান্নাত লিখে দিও নসিবে আমার ১৭৪
প্রভু- তারার হরফ দিয়ে ১৭৫
এ চোখের এক ফোঁটা অশ্রু যদি ১৭৫
চাইবো না জান্নাত ১৭৬
হে গুনাহ গোপনকারী ১৭৬
আল্লাহ তোমার নুরের দেখা ১৭৭
গভীর রজনী জেগে ১৭৭
অমলিন বিশ্বাসে ডাকি ১৭৮
এই দুচোখে দৃষ্টি না থাক ১৭৮
চলার পথে ১৭৯
মেহেরবান তুমি মেহেরবান ১৭৯
গুনাহর বোঝা মাথায় নিয়ে ১৮০
রাহীম আমার বিপদে ১৮০
আমার জীবন তোমার রঙে ১৮১

দেশের গান

ও ভাই খাঁটি সোনার চেয়ে ১৮৩
ধনধান্য পুষ্পভরা ১৮৩
হায় রে আমার মন মাতানো দেশ ১৮৪
এক নদী রক্ত পেরিয়ে ১৮৪
দাম দিয়ে কিনেছি বাংলা ১৮৫
সকল দেশের চেয়ে সেরা ১৮৬
সোনা সোনা সোনা ১৮৬
১৮৭ আমার দেশের মতন
১৮৭ পলাশ ঢাকা কোকিল ডাকা
১৮৮ আমি বাংলায় গান গাই
১৮৯ এই পদ্মা এই মেঘনা
১৮৯ একবার যেতে দে না
১৯০ যদি আমাকে জানতে সাধ হয়
১৯০ আল্লাহ এই দেশ তোমারই দান
১৯১ এক সাগর রক্তের বিনিময়ে
১৯১ পূর্ব দিগন্তে সূর্য উঠেছে
১৯২ মোরা একটি ফুলকে বাঁচাব
১৯২ আমার দেশের মাটির গন্ধে
১৯৩ প্রতিদিন তোমায় দেখি
১৯৩ সূর্যোদয়ে তুমি
১৯৪ মাগো ভাবনা কেন
১৯৪ রক্ত দিয়ে নাম লিখেছি
১৯৫ আমার মায়ের সোনার নোলক
১৯৫ যে মাটির বুকে ঘুমিয়ে আছে
১৯৬ সব ক'টা জানালা খুলে দাও না
১৯৬ একটি বাংলাদেশ
১৯৭ বাংলাদেশ জিন্দাবাদ
১৯৭ সাঁঝের বেলা পাখি ফিরে নীড়ে তাই
১৯৮ আজকে দেশের সব শত্রুকে
১৯৮ আমার গাঁ
১৯৯ এদেশ খান জাহানের
১৯৯ সারা বাংলার গ্রামে গঞ্জে
২০০ বিজয়ের দিন হোক শপথের দিন
২০০ সবুজ আদর দিয়ে গড়া
২০১ শাহজালালের পুণ্যভূমি
২০১ অশ্রুসজল নয়ন আমার
২০২ ভাটির দেশে জন্ম আমার
২০২ আমার দেশের বৃষ্টি ভেজা তাল
২০৩ এই দেশ এ আমার সোঁদা সোঁদা মাটি
২০৩ ওরে দেশের ভাই
২০৪ এই তো সে দেশ
২০৪ এ আমার হৃদয় ভরা
২০৫ রাখালিয়া বাঁশি
২০৫ ওগো মোর জন্মভূমি

এমন এক মাটি কোথা পাই ২০৬
তোমাদের কাছে এসেছি ২০৬
ষড় ঋতুর এই দেশে ২০৭
এই ঘন সবুজ প্রকৃতির দেশ ২০৭
তোমার ভালোবাসা ২০৮
বাংলার স্নিগ্ধ শ্যামল কুঞ্জে ২০৮
যেখানে আমার মনের নোঙর ২০৯
চলো না যাই ২০৯
এই ওলি-আল্লাহর বাংলাদেশ ২১০
এই আমাদের জন্মভূমি ২১০
সবুজ যেথা বন বনানী ২১১
দেশটা আমার রক্তে কেনা ২১১
আহা এই যদি হয় ২১২
আর যদি কোনো গান ২১২
যতদূর চোখ যায় সবুজ শেষে ২১৩
সোনা সোনা রোদ ২১৩
আর কোনো পলাশী নয় ২১৪
বাংলাদেশের মাটিতে জন্ম নিয়ে ২১৪
বাংলাদেশের মতো এমনি আপন ২১৫
এই দেশের জন্য যদি করতে হয় ২১৫
কখনো যদি কেউ জানতে চায় ২১৬
আমায় এমন এক গাঁয়ে নিয়ে চল ২১৬
ধানের খেতে সবুজ জলের ঢেউ ২১৭
ইঞ্চি ইঞ্চি মাটি ২১৭
লাল সবুজের এই পতাকা ২১৮
গল্পকথার মাধুরী নিয়ে ২১৯
সবুজ দিগন্তে ভরা এই দেশ ২১৯
লক্ষ প্রাণের দামে ২২০
একটি বিজয় ২২০
মনকে বলেছি মন পাখি হয়ে যাও ২২১

ভাষার গান

সালাম সালাম হাজার সালাম ২২৩
ও আমার মাতৃভাষা বাংলাভাষা ২২৩
ডালে ডালে পাখির বাসা ২২৪
মধুর চেয়ে মধুর ২২৪
আমার ভাইয়ের রক্তে রাঙানো ২২৫
ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায় ২২৬
২২৭ মোদের গরব মোদের আশা
২২৭ ফেব্রুয়ারির একুশ তারিখ
২২৮ রাষ্ট্রভাষা আন্দোলন
২২৮ কত ভাষা আছে সারা দুনিয়ায়
২২৯ বাংলা ভাষার নাম
২২৯ ভাষার জন্যে করেছি লড়াই
২৩০ পলাশ ফুলের রং কেন লাল
২৩০ একুশ আমার একুশ তোমার
২৩১ মাগো তোমার ডাকে
২৩১ সোনালি হরফে লেখা বর্ণমালা
২৩২ ভাষার কদর বুঝবি যদি
২৩২ সালাম লিখেছে মা

সম্পর্ক

২৩৪ মধুর আমার মায়ের হাসি
২৩৪ মায়ের মতো আপন কেহ নাই রে
২৩৫ মায়ের একধার দুধের দাম
২৩৫ একটা চাঁদ ছাড়া রাত
২৩৬ আমারই মা মা জননী
২৩৬ আমার মায়ের কথা শুধু মনে পড়ে
২৩৭ মায়ের জন্য ফেরদৌস আমি চাই
২৩৭ ওগো মা তুমি
২৩৮ তুমি শুনেছ কি জানি না
২৩৮ আজ খুব পড়ছে মনে মাকে
২৩৯ এই সেই ঘর এই সেই খাট
২৩৯ জনম জনম ধরে
২৪০ যার মা আছে
২৪১ হাজার দুঃখ তাপে কষ্ট অভিশাপে
২৪১ মায়ের মতো এমন আপন
২৪২ মা তোমার মুখের হাসি
২৪২ বলতে পারো ভুবন মাঝে
২৪৩ চোখের কোনায় জল এসে
২৪৩ মা যে দশ মাস
২৪৪ মাকে ভালোবাসি আমি
২৪৪ খোলা আকাশের নিচে দাঁড়িয়ে
২৪৫ যার স্নেহের কোনো তুলনা নাই
২৪৫ পৃথিবীতে ভালোবাসার
২৪৬ একটি মানুষ আজও আমার

আমার মায়ের কথা পড়লে মনে ২৪৬
কত ভালোবাসি মাগো ২৪৭
বাঁশের পালকি চইড়া মাগো ২৪৭
ওই রাতের তারা চাঁদের সাথে ২৪৮
আজ বুঝি গো মায়ের ব্যথা ২৪৮
আমি কেন জানি ২৪৯
রাত নিঝুম হলো ২৪৯
ঘরে যদি মা থাকে ফুল ভালো লাগে ২৫০
আমি চাঁদকে বলি ২৫০
আজও সেই চাঁদটা আসে রাতে ২৫১
বাবা ২৫১
বিমূর্ত ছবিগুলো ২৫২
বর সাজিয়ে দিলাম তোমায় ২৫২
বিয়ে শাদি হয় না রে ভাই ২৫৩
ওদের ঘরে সুখ দিও ২৫৩
ঝুমকো লতা বাগান বিলাস ২৫৪
ফুলে ফুলে কীসের গলাগলি ২৫৪
তুমি যে খুশির দিনের ইমাম ২৫৫
আজকে হে কে খুশি ২৫৫
আজ রুপালি চাঁদের সাথে ২৫৬
মেহেদির রঙে রঙে ২৫৬
বিয়ে শেষে বুবু আমার ২৫৭
বোনের জন্য কাঁদে আমার মন ২৫৭

জীবনমুখী

তুমি কি দেখেছ কভু ২৫৯
কেহই করে বেচাকেনা ২৫৯
চলে যায় যদি কেউ ২৬০
চোখ বুজিলেই দুনিয়া আন্ধার ২৬০
আশাহত হয়ো নাকো তুমি ২৬১
হঠাৎ করে জীবন দেয়া ২৬১
আমাকে যখন কেউ প্রশ্ন করে ২৬২
এখানে কি কেউ নেই ২৬২
এ আকাশ মেঘে ঢাকা রবে না ২৬৩
গান শোনাতে পারি ২৬৩
আমার গানের ভাষা ২৬৪
২৬৪ হতাশার কথা তুমি বলো না
২৬৫ যার কাছে প্রিয় বেশি
২৬৫ তোমার দিন কি যাবে
২৬৬ বাবলা ডালে বাতাস কেন কাঁদে
২৬৬ বাড়ি গাড়ি টাকা কড়ি
২৬৭ দুঃখ সবার পাশেই লুকিয়ে থাকে
২৬৭ দুটি নয়ন মুদিলে হায়
২৬৮ জীবনের সাত রঙ খুঁজে খুঁজে
২৬৮ এত সুন্দর দেহ দিলা
২৬৯ এই বাড়ি এই ঘর
২৬৯ জীবন তরি বাইতে গিয়ে
২৭০ সকল ব্যথার বোঝা
২৭০ সবারই জীবনে সুখ আসে দুখ আসে
২৭১ হাজার স্বপ্ন ছিল যে আমার
২৭১ আমি যদি হই কভু প্রভাতের সুর
২৭২ রাত কেটেছে স্বপ্নে বিভোর
২৭২ জীবন চাকা কলের মতো
২৭৩ কোথায় তোমার বসতবাড়ি
২৭৩ মানুষকে চেনা বড় দায়
২৭৪ আমাদের সেই লোকের প্রয়োজন
২৭৪ মত্ত হইবি না রে মন
২৭৫ যতই দে ও ভোলা মন
২৭৫ আমারে পার করো হে মাঝি
২৭৬ এক পাড়ে মন বসত করে
২৭৬ জীবন নামের ছোট্ট ঘুড়ি
২৭৭ জীবনটা ঘুড়ি যার নাটাই সুতা নাই
২৭৭ জীবনের এই রঙ বাজার
২৭৮ লাল ডিজেলে দেহ মেশিন
২৭৮ আল্লাহ তোমার এই দুনিয়ায়
২৭৯ মন থেকে অগোচরে
২৭৯ শিল্পী নই আমি গায়ক নই
২৮০ কুয়াশার চাদরে ঢাকা এ জীবন
২৮০ আজকের পৃথিবী
২৮১ ভবের এই রঙ্গ মেলায়
২৮১ মধ্যবিত্ত

লোকগীতি

একবার আপনারে ২৮৩
খাঁচার ভেতর অচিন পাখি ২৮৩
দেখ না মন ২৮৪
ও নদীর কূল নাই ২৮৪
ও মাঝিরে– ২৮৫
আমায় ভাসাইলি রে ২৮৫
ও বাজান চল যাই ২৮৬
নাও ছাড়িয়া দে পাল উড়াইয়া দে ২৮৬
মাঝি বায়া যাও রে ২৮৭
শোনো ও মোমিন ভাই ২৮৮
আমার প্রাণের প্রাণ পাখি ২৮৮
দুয়ারে আইসাছে পালকি ২৮৯
ও পদ্মা নদী রে– ২৮৯
নদীর মাঝে নৌকা চালাই ২৯০
নোঙর ছাড়িয়া নায়ের দে রে ২৯০
আর কতকাল ভাসব আমি ২৯১
কল কল ছল ছল নদী করে টলমল ২৯১
লোকে বলে বলে রে ২৯২
আমি না লইলাম ২৯২
কত দিন দেহি না মায়ের মুখ ২৯৩
ভুবন মাঝি আমায় তুমি ২৯৩

মানবতা

মানুষ মানুষের জন্যে ২৯৫
আমায় একজন সাদা মানুষ দাও ২৯৫
মানুষকে ভালোবেসে লাভই বেশি ২৯৬
মানুষের উপকার করে যে মানুষ ২৯৬
গান আমার কাঁদে রে ২৯৭
কান্দাহারে যে মেয়েটি ২৯৭
রাজপথে পড়ে আছে মা ২৯৮
সোনালি সেদিন কবে খুলবে দুয়ার ২৯৮
তুমি কি শুনেছ ২৯৯
কীসের বিভেদ গড়ো তোমরা ২৯৯
পৃথিবী জুড়ে আজ কত অসহায় ৩০০
সময় বদলে যায় ৩০০
বৃষ্টির ফোঁটায় ফোঁটায় ৩০১

৩০১ মানবতা দিকে দিকে কাঁদছে
৩০২ ঝধাব ঃযব ড়িৎষফ
৩০২ একটা উমর এই জামানায়
৩০৩ আমার তো দিন চলে যায়
৩০৩ মানুষের খুনে খুনে

আহবান

৩০৫ জরিন হরফে লেখা
৩০৫ দূর আজানের মধুর ধ্বনি
৩০৬ তোরা চাসনে কিছু
৩০৬ ওরে গাফিল করিসনে তুই
৩০৭ ভয় কর তুই আল্লাহকে
৩০৭ কারও মনে তুমি দিও না আঘাত
৩০৮ জাগো মুসাফির
৩০৮ বাহিরে কোথায় খুঁজিছ খোদারে
৩০৯ নামাজি তোর নামাজ হলো যে ভুল
৩০৯ চলো নবি মোহাম্মদের পথে
৩১০ মনের মধ্যে থাকে যদি
৩১০ পরের জন্যে করলে কিছু
৩১১ সাহসের সাথে কিছু স্বপ্ন জড়াও
৩১১ এখনো মানুষ মরে
৩১২ এগিয়ে চলো এগিয়ে চলো
৩১২ এক হও মুসলিম
৩১৩ প্রতিদিন যত পারো
৩১৩ চরিত্রবান মানুষ ছাড়া
৩১৪ পেছনে ফেলতে যারে তুমি চাও
৩১৪ দাওয়াত পেলে যাওয়াই ভালো
৩১৫ মিনারের সুর কি তুমি
৩১৫ এ রাত কি কেটে যাবে
৩১৬ হাত দুটি সাদা করো সাদা রাখো ভাই
৩১৬ সত্যের সংগ্রামে ফোটা ফুল
৩১৭ রাসূল বলেন পূণ্য করো
৩১৭ সুন্দর একটা পৃথিবী গড়তে হলে
৩১৮ মনের ভুবন ধূসর হলে কুরআন পড়ো

জাগরণের গান


তওফিক দাও খোদা ইসলামে ৩২০
ধর্মের পথে শহিদ যাহারা ৩২০
আল্লাতে যাঁর পূর্ণ ঈমান ৩২১
বাজিছে দামামা, বাঁধ রে আমামা ৩২১
খয়বর-জয়ী আলি হায়দার ৩২২
কারার ওই লৌহ-কপাট ৩২২
দুর্গম গিরি কান্তার-মরু ৩২৩
ভোর হোলো ওঠ জাগ মুসাফির ৩২৩
জাগো অনশন-বন্দি ওঠো রে যত ৩২৪
মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম ৩২৪
এই শিকল পরা ছল ৩২৫
বিশ্ববিজয়ী ৩২৬
দিকে দিকে পুন জ্বলিয়া উঠিছে ৩২৬
দাও আজান ৩২৭
জাগে না সে জোশ লয়ে ৩২৭
গান গেয়ে যাও নতুন প্রাণের ৩২৮
ওঠো রাহাগির রাত হলো অবসান ৩২৮
শোনো মৃত্যুর তূর্য নিনাদ ৩২৯
শহিদের খুন রাঙা কাশ্মীর ৩২৯
অর্ধ পৃথিবী জয় করেছিল ৩৩০
নূতনের মাঝে জাগো ৩৩০
জনতার সংগ্রাম চলবেই ৩৩১
দুর্যোগ রাতে জাগ্রত চঞ্চল ৩৩১
অধিকার কে কাকে দেয় ৩৩২
আমার প্রতিবাদের ভাষা ৩৩২
বিচারপতি তোমার বিচার ৩৩৩
আমরা সবাই সত্য ন্যায়ের ৩৩৩
তীরহারা এই ঢেউয়ের সাগর ৩৩৪
আলোর পথযাত্রী মোরা ৩৩৪
কেউ না করুক আমি করব কাজ ৩৩৫
এই দুর্যোগে এই দুর্ভোগে আজ ৩৩৫
এত শহিদ রক্ত ঢালে ৩৩৬
ঘন দুর্যোগ পথে দুর্ভোগ ৩৩৬
মুসলিম আমি সংগ্রামী আমি ৩৩৭
আগুনের ফুলকিরা এসো জড়ো ইই ৩৩৭
চলো চলো চলো মুজাহিদ ৩৩৮
৩৩৮ আল্লাহ যদি বিজয় দেন
৩৩৯ হলদে ডানার সেই পাখিটি
৩৩৯ ওই দেখ বালাকোট ওই তিতুমীর
৩৪০ কী সুখে ঘুমাও তুমি
৩৪০ চলো তবে জেগে ওঠি
৩৪১ খুন রাঙা এই পথে প্রয়োজন
৩৪১ জেনে বুঝে গাইল যারা
৩৪২ ধুমকেতু ছুটে যা
৩৪২ একদিন জনতা নামবেই
৩৪৩ ওই কালো পর্দা
৩৪৩ আমাদের প্রত্যয় একটাই
৩৪৪ সংকটে সংঘাতে সংগ্রামে
৩৪৪ শোন ওই পথে নামার ডাক এসেছে
৩৪৫ এ পথের পথিকের
৩৪৫ কোন দিকে পথ নেই
৩৪৬ রক্ত দিয়ে লিখেছি আবার
৩৪৬ বুকে বুকে কারা জ্বেলেছে আগুন
৩৪৭ এই হাতে ও হাত ধরো
৩৪৭ আমায় একটি ভাঙা কলম দাও
৩৪৮ ও মাঝি ভাই
৩৪৮ আমি হারবো না
৩৪৯ বীর মুসলমান ধরো আল-কুরআন
৩৪৯ জিহাদের ডাক এসেছে চল
৩৫০ মাঝি রে তুই মন ভাঙিস না
৩৫০ মিথ্যার বেড়াজাল ছিন্ন করে
৩৫১ কবি ফররুখ আর
৩৫১ যদি আগামীর দিনটাকে
৩৫২ আসবে আবার উমর তারিক
৩৫২ হে ঘুমন্ত মানুষ জাগো


প্রেরণা


৩৫৪ ঝান্ডা উঁচা রাখ ভাই
৩৫৪ নব দিগন্তে একটি নতুন তারা
৩৫৫ আল্লাহর পথে যারা দিয়েছে জীবন
৩৫৫ যখনি গভীর হয় রাতের আঁধার
৩৫৬ এখনো অনেক ধৈর্য ধরতে হবে
৩৫৬ নামবে আঁধার তাই বলে কি

আমাদের বুকে লেখা ৩৫৭
সোনার পাখিরা ৩৫৭
শাহাদাত ঈমানের পরম পাওয়া ৩৫৮
তোমরা যারা আজ ৩৫৮
তোমাদের ভুলিনি ৩৫৯
জনতা সাগরে বলে যেতে চাই ৩৫৯
প্রতিদিন সূর্য ফিরে ৩৬০
ছেলের কথা পড়লে মনে ৩৬০
তোমরা ভুলে গেছ ৩৬১
আমাদের কথাগুলোকে ৩৬১
পাখিদের নীড়ে ৩৬২
জানি না আর ফুটবে কিনা ৩৬২
ঝড় যদি ওঠে মাঝ দরিয়ায় ৩৬৩
আমি আমার এ দুটি আঁখি ৩৬৩
তোমার ছেলে দূরে বহু দূরে মা ৩৬৪
চোখের অশ্রু ঝরালে কি ৩৬৪
যারা আল্লাহর পথে চলে ৩৬৫

রমজানের গান

এল রমজানেরই চাঁদ ৩৬৭
মোবারক মাস ৩৬৭
সালাম লহ, হে পাক রমজান ৩৬৮
আবার এলো রমজান ৩৬৮
রহমত বরকত মাগফেরাতের ৩৬৯
রমজানের ওই সওগাত লয়ে ৩৬৯
ঘুম থেকে কেউ ৩৭০
মিথ্যা বলা ছাড়লো না যে ৩৭০
দেহ আর মন ৩৭১
সিয়ামের চাঁদ দেখো ৩৭১
যদি না তোমার অন্তর হয় সাদা ৩৭২
কুরআনের মাস এলো ৩৭২
আকাশে মেঘের দেশে ৩৭৩
খোদার বান্দা হও হুঁশিয়ার ৩৭৩
কেউ জানি না এই দুনিয়া ৩৭৪
একটি রজনী এমন রজনী ৩৭৪
রমজান রমজান মাহে রমজান ৩৭৫
মাহে রমজান এলো বছর ঘুরে ৩৭৫
৩৭৬ হে রোজাদার রাখো রোজা
৩৭৬ সিয়ামের রং দিয়ে
৩৭৭ সেহেরি খাওয়ার সময় হলো
৩৭৭ রহম ঝরা সিয়াম এসে
৩৭৮ একটি বছর পরে আবার
৩৭৮ রমজান আল্লাহর রহমত
৩৭৯ ওঠো রোজাদার
৩৭৯ রমজানে বেশি বেশি যে করে দান
৩৮০ সিয়ামের মানে শুধু উপবাস নয়
৩৮০ আহলান সাহলান
৩৮১ জান্নাতেরই দুয়ার
৩৮১ রমজান এলো এ ধরাতে
৩৮২ প্রস্তুতি নাও মন সিয়ামের
৩৮২ যদি সিয়ামের রং সীমাবদ্ধ থাকে
৩৮৩ আহা বহুদিন পর
৩৮৩ রোজাদার কেমন হলে
৩৮৪ দে জাকাত, দে জাকাত
৩৮৪ দিন জাকাত দিন ধনী গণী
৩৮৫ এক মাস সিয়াম সাধনা শেষে

ঈদ

৩৮৭ ও মন রমজানের ওই রোজার শেষে
৩৮৭ ঈদজ্জোহার তকবির শোন
৩৮৮ দল বেঁধে সব করছে খেলা
৩৮৮ ঈদ হলো তো ভাঙা চাঁদের
৩৮৯ অনুরাগে রঙিন গোলাপ তুলে
৩৮৯ ঈদ এলো মানুষের জন্য
৩৯০ ঈদের খুশি অপূর্ণ রয়ে যাবে
৩৯০ মুখে মুখে সুখের কথা
৩৯১ মনের পশু কুরবানি দাও সাচ্চা করো দিল
৩৯১ ঈদ মানে তো খুশির খেলা
৩৯২ ঈদ মানে তো নয় রে কেবল
৩৯২ আজও ঈদের চাঁদ যে হাসে
৩৯৩ নাজরানা
৩৯৩ ঈদ নিয়ে আসে এক নতুন আবেশ
৩৯৪ পশু কোরবানী শুধু নয়
৩৯৪ আজ আনন্দ প্রতি প্রাণে প্রাণে

মরমি
খোদার প্রেমের শরাব পিয়ে ৩৯৬
মসজিদেরি পাশে আমার ৩৯৬
দিন গেল মোর মায়ায় ভুলে ৩৯৭
পৃথিবী আমার আসল ঠিকানা নয় ৩৯৭
এক সেকেন্ডের নাই ভরসা ৩৯৮
একদিন মা-টি-র ভিতরে হবে ঘর ৩৯৮
টিক টিক টিক টিক যে ঘড়িটা ৩৯৯
কাল এখানে ছিল যে ৩৯৯
হিজল বনে পালিয়ে গেছে পাখি ৪০০
এই তো জীবন ৪০০
ক্ষণিক এ জীবনকে ৪০১
আমি চোখ বুজে দেখি ৪০১
আজ আছি তো কালকে নাই ৪০২
এক মুহূর্তের নাই ভরসা ৪০২
মাটির একখান ঘর বানাইয়া ৪০৩
ইঞ্জিনটা চইলা গেলে ৪০৩
জীবনের সোনাঝরা দিনগুলো সব ৪০৪
পাতাঝরা মৌসুমী শীতের মতো ৪০৪
কেঁদে কেঁদে বিহ্বল ৪০৫
পৃথিবীতে কেউ স্থায়ী হয় না ৪০৫
আমরা মানুষ কেন এমন ৪০৬
দুয়ারে আইসাছে পালকি ৪০৬
মরণ তোমার আসবে যেদিন ৪০৭
যতই বানাও দালান কোঠা ৪০৭
এই দুনিয়া ছাড়ব যেদিন ৪০৮
বিকেলের সৈকতে ৪০৮
একদিন তোমারী নাম ৪০৯

ছোটদের গান
রোজ বিহানে একটা পাখি ৪১১
জোছনা দিলে চাঁদের মুখে ৪১১
দুনিয়া সুন্দর মানুষ সুন্দর ৪১২
রাব্বুল আলামিন আল্লাহ মহান ৪১২
বিস্ময় ভরা দুটি আঁখি ৪১৩
এসো আল্লাহকে ভালোবাসি ৪১৩
বাগান ভরা ফুল ফুটেছে ৪১৪
৪১৪ আমার রবের দয়ার কথা
৪১৫ রহিম করিম অশেষ অসীম
৪১৫ তোমরা আল্লাহর কোন কোন নেয়ামত
৪১৬ প্রজাপতির ডানায়
৪১৬ লাল ফড়িং
৪১৭ ইয়া রাব্বি লাকাল হামদু
৪১৭ নীল ডানার এক প্রজাপতি
৪১৮ আল্লাহ নিজে সুন্দর
৪১৮ সুবহানাল্লাহ, সুবহানাল্লাহ
৪১৯ আমরা সকল দেশের শিশু
৪১৯ নবি এলেন উঠল গেয়ে
৪২০ ইয়া রাসূলাল্লাহ ইয়া নাবিআল্লাহ
৪২০ তেমন মানুষ মিলবে না
৪২১ দুঃখীদের প্রিয়জন তুমি
৪২১ জন্ম যদি হতো মোদের
৪২২ ফোটা ফুলে অলি যেমন
৪২২ গল্প বলি শোনো প্রিয় নবিজির
৪২৩ মক্কা থেকে ছড়িয়ে গেলো
৪২৩ নীল আকাশের লক্ষ তারার
৪২৪ ছোটো ও বড়ো সকলের কাছে
৪২৪ হঠাৎ শাপলা দেখে
৪২৫ দু'চোখ ভরে দেখি তবু
৪২৫ স্বাধীন সার্বভৌম আমাদের
৪২৬ এই নদীর দেশে
৪২৬ আমার এই দেশ কত সুন্দর
৪২৭ এই দেশ আমার মাটি আমার
৪২৭ তার ছবি আমার
৪২৮ ভোরের সোনালি আলোয়
৪২৮ তোমার সাথে কার তুলনা
৪২৯ গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত বসন্ত
৪২৯ দেশকে ভালোবাসি আমি
৪৩০ হাজার দেশের এই পৃথিবী
৪৩০ আমার দেশের ঠিকানা বন্ধু পাবে
৪৩১ হাজার নদীর মাঠ পেরিয়ে
৪৩১ একটি দেশের আকাশ আমার মান
৪৩২ মন ভরে যায়
৪৩২ প্রজাপতি! প্রজাপতি!

| | |
|---|---|
| মেঘের কোলে রোদ হেসেছে | ৪৩৩ |
| নামের বড়াই করো নাকো | ৪৩৩ |
| ঝিক ঝিক ঝিক | ৪৩৪ |
| লাল ঝুটি কাকাতুয়া | ৪৩৪ |
| ঝড় এলো এলো ঝড় | ৪৩৫ |
| আমাদের দেশটা স্বপ্নপুরী | ৪৩৫ |
| মুক্তো মালার ছাতি মাথায় | ৪৩৬ |
| আজকে ছোট কালকে মোরা | ৪৩৬ |
| আম্মু বলেন, পড় রে সোনা | ৪৩৭ |
| পড় এবং পড় | ৪৩৭ |
| যে কোনো কাজ কর না ভাই | ৪৩৮ |
| মন দিয়ে লেখাপড়া | ৪৩৮ |
| কারোর সাথে দেখা হলে | ৪৩৯ |
| সূর্য উঠার আগে ওঠো | ৪৩৯ |
| সব কাজে চাই প্রতিযোগিতা | ৪৪০ |
| নিয়ম মতো চলার ভেতর | ৪৪০ |
| গালি দিয়ে কথা বার্তা | ৪৪১ |
| খুব সকালে উঠল না যে | ৪৪১ |
| সাহস আছে বলেই আমি | ৪৪২ |
| নিজের দাঁতটা নিজেই মাজো | ৪৪২ |
| মিথ্যাবাদীর বন্ধু হয়ো না | ৪৪৩ |
| খারাপ কথাটা না বলাটাও | ৪৪৩ |
| পরীক্ষা হয় যতই কঠিন | ৪৪৪ |
| ফুল ভালোবেসে হব ফুলের মতন | ৪৪৪ |
| ফুল কেন ফোটে | ৪৪৫ |
| খেলার মাঠে কেমনে যাব | ৪৪৫ |
| না কেঁদো না পড়তে বসো | ৪৪৬ |
| বাগানে কত কত রং | ৪৪৬ |
| খুব খুব পড়ো হতে হবে বড়ো | ৪৪৭ |
| বই পড়ো ভাই বই পড়ো | ৪৪৭ |
| দোয়েল ছানার ঘুম ভেঙে যায় | ৪৪৮ |
| এক যে ছিল বীর | ৪৪৮ |
| মাগো আমার অনেক কিছু | ৪৪৯ |
| আমরা যে চাই সবারই সুখ | ৪৫০ |
| ফুলের মতো গড়বো জীবন | ৪৫০ |
| গোলাপ চাঁপা বকুল ফুলের | ৪৫১ |
| মুয়াজ্জিনের আজানে আজানে | ৪৫১ |
| আমরা করবো জয় | ৪৫২ |
| বন্ধুর মতো যদি বন্ধু পাও | ৪৫৩ |
| বিসমিল্লাহ বলো বিসমিল্লাহ | ৪৫৩ |
| মোরা হতে চাই প্রিয়তম তোমার | ৪৫৪ |
| নিঝুম রাতে | ৪৫৪ |
| কাগজের ফুল মোরা হব না কভু | ৪৫৫ |
| তার ভালোবাসা যদি | ৪৫৫ |
| কেউ ছুঁতে চায় তারার আলো | ৪৫৬ |
| মনে যদি নাই কিছু থাকে | ৪৫৬ |
| ঘুরে ঘুরে ওই শোনো বাজে | ৪৫৭ |
| যে গানে শেখার কিছু নেই | ৪৫৭ |
| মেঘের নায়ে চাঁদটা যেনো | ৪৫৮ |
| জীবন পথে গান গাবো ভাই | ৪৫৮ |
| সুন্দর একটি পৃথিবী চাই | ৪৫৯ |
| অভাবী আর দুঃখী মানুষের | ৪৫৯ |
| দেখা হলেই সালাম করো | ৪৬০ |
| দেখা হলে সালাম | ৪৬০ |
| নামাজ হলো মি'রাজ, মানে | ৪৬১ |
| সালাত তোমার বন্ধু পরম | ৪৬১ |
| মাগো আমায় দাও পরিয়ে | ৪৬২ |
| সেই সোনালি দিন সুখেরই দিন | ৪৬৩ |
| মা যে আমার মা | ৪৬৩ |
| যখন আমি হাঁটতে শিখিনি | ৪৬৪ |
| Do you know | ৪৬৪ |
| O Allah o mawla | ৪৬৫ |
| Subhan Allah | ৪৬৫ |


আঞ্চলিক গান


| | |
|---|---|
| অভাই আঁরা চাটগাঁইয়া | ৪৬৮ |
| হারা বচ্ছর ল্যাকলা পরলা | ৪৬৮ |
| বাপ গ্যালছে লা লিয়া | ৪৬৯ |
| আমার গাউত যাইতায়নি | ৪৬৯ |
| কচু হাতার হানিরে ভাই | ৪৭০ |
| হাল জুড়বার সময় হছেরে | ৪৭১ |
| নাতি খাতি বেলা গেলো | ৪৭১ |
| গান শুনি যান | ৪৭২ |
| মিরাই ও মিবাই | ৪৭৩ |

বিবিধ
যে আল্লার কথা শোনে ৪৭৫
ওরে কে বলে আরবে নদী নাই ৪৭৫
আমি আল্লাহ নামের বীজ বুনেছি ৪৭৬
বাজলো কি রে ভোরের সানাই ৪৭৬
হে নামাজি ৪৭৭
শোনো মোমিন মুসলমান ৪৭৭
হারে পাগল দিলে মুখে লও ৪৭৮
আজকে উমরপন্থি পথীর ৪৭৮
যখন আমায় ডাকবে না কেউ ৪৭৯
পবিত্র পাক গ্রন্থ খোদার ৪৭৯
এই জুমআর দিনে দুনিয়া জাহান ৪৮০
আমাদের কৈশোর খুশিতে রঙিন ৪৮০
ওজু করে অজুদ আমার ৪৮১
আমি এপারে একাকী বসে ৪৮১
লা ইলাহা ইল্লাল্লাহ ৪৮২
খোঁটা দিয়ে কথা বলা ৪৮২
পাহাড় যেমন করে ৪৮৩
সিদ্দিকে আকবর ইবনে কোহাফা ৪৮৩
সব মানুষের আজাদির দিন ৪৮৪
আল্লাহকে সত্যি ভালোবাসে যে ৪৮৪
প্রাণের ভেতরে প্রাণ খুঁজে ফিরি ৪৮৫
আমরা সবাই গান গাইব শুধু ৪৮৫
কামিনী ফুটেছে বনে ৪৮৬
সুন্দর সুন্দরবন যে আমার ৪৮৬
তুমি কাঁঠাল পাতার রং দেখনি ৪৮৭
নামাজ হলে শুদ্ধ সহি খাঁটি ৪৮৮
যে আমায় ভালোবাসতো ৪৮৮
ছলাৎ ছলাৎ ঢেউয়ের মাঝে ৪৮৯
আল্লাহকে যারা বেসেছে ভালো ৪৮৯
এ গান হোক আল্লাহর শুকরিয়া ৪৯০
এই গান সেই গান ৪৯০
চাই একটি ইসলামি বসুন্ধরা ৪৯১
বৃষ্টি হলে যে মন বলে যে ৪৯১
শুধু মুসলমানের লাগি ৪৯২
ঘৃণার বাজারে তুমি ৪৯২
গোলাপের বাগানের পাশ দিয়ে যেতে ৪৯৩
৪৯৩ বলতে বলতে শেষ হয়
৪৯৪ এমন যদি হতো
৪৯৪ এ দেশ আমার এ দেশ তোমার
৪৯৫ বহতা নদীর মতো
৪৯৫ দেশের মানুষ হইলো বেহুঁশ
৪৯৬ পথের ঠিকানা ভুল করে যারা
৪৯৬ ও আকাশ তোমার
৪৯৭ তুমি আমার মালিক মওলা
৪৯৭ আল্লাহ ছাড়া মাবুদ নাই
৪৯৮ দাও খোদা দাও আমায় আবার
৪৯৮ আছ তুমি হৃদয় জুড়ে
৪৯৯ নাই নাই নাই নাই রে কিছু
৪৯৯ পানির গভীরে যেমন
৫০০ সবার কিসমত ঢেকেছে আঁধার
৫০০ ভালোবাসো দেশকে
৫০১ স্বয়ং নিজে বুঝে বুঝে
৫০১ এই পৃথিবী ও তার সব সম্পদ
৫০২ তুমি কি ঈমান এনেছ
৫০২ কু আনফুসাকুম ওয়া আহলিকুম নারা
৫০৩ বিবেকের কাছে তুমি
৫০৩ মুসলমানের সন্তান হলেই
৫০৪ তোমার কাছ থেকে এসেছি
৫০৪ যেন তোমার দেয়া আলোর পথে
৫০৫ কখনো বা যদি মনে হয়
৫০৫ বিদ্রোহী সুর দিলো কবি নজরুল
৫০৬ সততার গুণে যারা গুণী হয়
৫০৬ ঈমানের পথে অবিচল থেকে
৫০৭ হাজার গানের মাঝে
৫০৭ কেউ কেউ ভুলে
৫০৮ একটি গানের স্বরলিপি লিখি
৫০৮ কেউ কখনো ভুল বুঝে আমাকে
৫০৯ বহুদিন পরে আজ
৫০৯ কুরআনের আলোকিত বুঝ দাও
৫১০ বহুদিন ধরে হয় না লেখা গান
৫১০ মনের কোণে একটি প্রদীপ
৫১১ কোনো একদিন এ দেশের আকাশে
৫১১ হাজার গানের মাঝে

গোলাপ ফুলকে দেখে ৫১২
অমায়িক ব্যবহার ৫১২
কোনো এক প্রভাতে ৫১৩
কী কথা বলতে গিয়ে ৫১৩
ঘুম থেকে জেগে দেখি ৫১৪
কে আছ এমন ৫১৪
ধনে জনে কেউ ৫১৫
এক পা দুপা করিয়া মওলা গো ৫১৫
ভোরের পাখি হয়ে আমরা ৫১৬
তোমার অসীম করুণায় ৫১৬
ছেড়ে দাও অন্যায় অনাচার ৫১৭
কেউ বলে বলুক ৫১৭
খোদা এই দুটি চোখ নাও ৫১৮
তোমার প্রেমে অন্ধ আমি ৫১৮
কিছু কিছু কথা আছে ৫১৯
এখানে পাঠাও তুমি উমর আবার ৫১৯
ধন্য আমি ধন্য ৫২০
হাজার বছর বাঁচতে ইচ্ছে হয় ৫২০
কতদূরে তুমি আর কতদূর ৫২১
O Allah o Allah ৫২১
গানের অন্তরা যদি ভুলে যাই ৫২২
চোখের প্রান্ত বেয়ে ঝরুক শ্রাবণ ৫২২
ফজরের আজান হইলে পরে ৫২৩
নিজের তরে চাও ভালো যা ৫২৩
দিনের আলোয় সূর্য হাসে ৫২৪
যদি তিতুর বাঁশের ওই ৫২৪
প্রভু তুমি বলেছ রাসূল দেবে না ৫২৫
আমার জীবনের প্রতিটি গান যেন ৫২৫
আমি মাঝে মাঝে আনমনা হই ৫২৬
একে একে কত বছর গেল ৫২৬
নিশ্বাসে নিশ্বাসে ৫২৭
রাতের আকাশে ৫২৭
জীবনে কী পেয়েছি ৫২৮
আমাদের ভালোবাসা সবই যেন হয় ৫২৮
যেই আকাশকে নিয়ে তুমি ৫২৯
মওলা তোমারো লাগিয়া ৫২৯
তোমার ভালোবাসা হৃদয়ে আছে বলে ৫৩০
রব কে তোমার দ্বীন কী তোমার ৫৩০

৫৩১ গান গাই বলে তাই
৫৩১ কুরআনের বাণী যে খোদা
৫৩২ নদীর পানি
৫৩২ আজ জোছনা রাতে তারার মেলা
৫৩৩ অবাক পরশ
৫৩৩ যাদের হৃদয়ে আছে আল্লাহর ভয়
৫৩৪ বর্ণিল জীবন
৫৩৪ ডায়েরিটা খুলে দেখি
৫৩৫ তুমি জাগিয়ে দাও
৫৩৫ যার বুকের ভেতরে
৫৩৬ শুকরিয়া
৫৩৬ ক্ষণিক জীবন
৫৩৭ বৃষ্টিতে মন ভিজেনা
৫৩৭ শুধু ভালোবাসা
৫৩৮ কাবা আমার কাবা
৫৩৮ বুকে যাদের জ্বলছে উনুন
৫৩৯ জাযাকাল্লাহ
৫৪০ যদি নিকষ কালো মেঘ
৫৪০ Labbaik allah
৫৪১ Allahumma salli 'ala
৫৪২ Make me strong
৫৪৩ Salam Alaikum
৫৪৪ Baraka AllahuLakuma
৫৪৫ Insha Allah
৫৪৬ Ramadan
৫৪৬ Number one for me
৫৪৭ Al-Mu'allim
৫৪৮ Wherever you are
৫৪৯ Healing
৫৫০ Asma Allah
৫৫১ I'm Alive
৫৫২ Allahi Allah KiyaKaro
৫৫৩ Save me from myself
৫৫৪ My Hero
৫৫৪ Hasbi Rabbi
৫৫৫ AssalamuAlayka
৫৫৬ HuwaAlQuran
৫৫৬ YaNabiSalam Alayka
৫৫৭ Muhammad (Pbuh)
৫৫৭ رضيت با لله ربا

# হামদ

হামদ ২৪

## আমি দেশে দেশে গেয়ে বেড়াই

(আমি) দেশে দেশে গেয়ে বেড়াই
তোমার নামের গান
হে খোদা, এ যে তোমার হুকুম,
তোমারই ফরমান ॥

এমনি তোমার নামের আছর
নামাজ রোজার নাই অবসর,
তোমার নামের নেশায় সদা
মশগুল মোর প্রাণ ॥

তকদিরে মোর এই লিখেছ
হাজার গানের সুরে
নিত্য দিবো তোমার আজান
আঁধার মিনার-চূড়ে।

কাজের মাঝে হাটের পথে
রণ-ভূমে এবাদতে
আমি তোমার নাম শোনাব,
করব শক্তি দান ॥

কথা ও সুর : কাজী নজরুল ইসলাম

## আল্লাহ আমার প্রভু

আল্লাহ আমার প্রভু,
আমার নাহি নাহি ভয়
আমার নবি মোহাম্মদ,
যাঁহার তারিফ জগৎময় ॥

আমার কীসের শঙ্কা
কুরআন আমার ডঙ্কা
ইসলাম আমার ধর্ম,
মুসলিম আমার পরিচয় ॥

কলেমা আমার তাবিজ,
তৌহিদ আমার মুর্শিদ,
ঈমান আমার বর্ম,
হেলাল আমার খুরশিদ ॥

আল্লাহু আকবর ধ্বনি
আমার জেহাদ-বাণী
আখের মোকাম ফেরদৌস,
খোদার আরশ যথায় রয় ॥

আরব মেসের চীন হিন্দ
কুল-মুসলিম-জাহান মোর ভাই
কেহ নয় উচ্চ কেহ নীচ,
মানুষ সমান সবাই ॥

এক জাতি এক দিল এক প্রাণ
আমির ফকিরে ভেদ নাই,
এক তকবিরে জেগে উঠি,
আমার হবেই হবে জয় ॥

কথা ও সুর : কাজী নজরুল ইসলাম
শিল্পী : আব্বাসউদ্দিন আহমদ

## এই সুন্দর ফুল সুন্দর ফল

এই সুন্দর ফুল সুন্দর ফল
মিঠা নদীর পানি
খোদা তোমার মেহেরবানি
এই শস্য-শ্যামল ফসল ভরা
মাঠের ডালিখানি
খোদা তোমার মেহেরবানি ॥

তুমি কতই দিলে রতন
ভাই বেরাদর পুত্র স্বজন
ক্ষুধা পেলেই অন্ন জোগাও
মানি চাই না মানি ॥

খোদা তোমার হুকুম তরক করি
আমি প্রতি পায়
তবু আলো দিয়ে বাতাস দিয়ে
বাঁচাও এ বান্দায়।

শ্রেষ্ঠ নবি দিলে মোরে
তরিয়ে নিতে রোজ হাশরে
পথ না ভুলি তাই তো দিলে
পাক কোরানের বাণী ॥

কথা : কাজী নজরুল ইসলাম
সুর : কমল দাশগুপ্ত
শিল্পী : আব্বাসউদ্দিন আহমদ

## ফুলে পুছিনু বল

ফুলে পুছিনু, 'বল, বল ওরে ফুল!
কোথা পেলি এ সুরভি, রূপ এ অতুল?
'যাঁর রূপে উজালা দুনিয়া' কহে গুল,
দিলো সেই মোরে এই রূপ এ খোশবু।
আল্লাহু আল্লাহু ॥

ওরে কোকিল কে তোরে দিলো এ সুর,
কোথা পেলি পাপিয়া এ কণ্ঠ মধুর?
কহে কোকিল ও পাপিয়া, আল্লাহ গফুর
তাঁরি নাম গাহি পিউ পিউ, কুহু কুহু।
আল্লাহু আল্লাহু ॥

ও রে রবি-শশী, ও রে গ্রহ-তারা,
কোথা পেলি এ রওশনি জ্যোতি ধারা?
কহে, আমরা তাঁহারই রূপের ইশারা
মুসা, বেহুঁশ হলো হেরি যে খুবরু।
আল্লাহু আল্লাহু ॥

যাঁরে আউলিয়া আম্বিয়া ধ্যানে না পায়
কুল-মখলুক যাঁহারই মহিমা গায়,
যে নাম নিয়ে এসেছি এই দুনিয়ায়,
সে নাম নিতে নিতে মরি– এই আরজু।
আল্লাহু আল্লাহু ॥

কথা ও সুর : কাজী নজরুল ইসলাম
শিল্পী : আব্বাসউদ্দিন আহমদ

## জপে তোমারি নাম

নিশিদিন জপে খোদা দুনিয়া জাহান
জপে তোমারি নাম
তারায় গাঁথা তসবি লয়ে নিশীথে আসমান
জপে তোমারি নাম ॥

ফুলের বনে নিতি গুঞ্জরিয়া
ভ্রমর বেড়ায় তব নাম জপিয়া;
হাতে লয়ে ফুলকুঁড়ির তসবি ফুলের বাগান
জপে তোমারি নাম ॥

সাঁঝ সকালে কোকিল পাপিয়া
মধুর তব নাম ফেরে গাহিয়া,
ছল ছল সুরে ঝরনার ধারা নদীর কলতান
জপে তোমারি নাম ॥

বৃষ্টি ধারায় তসবি লয়ে
তব নাম জপে মেঘ ব্যাকুল হয়ে
সাগর-কল্লোল, সমির-হিল্লোল
বাদল ঝড়-তুফান,
জপে তোমারি নাম ॥

কথা ও সুর : কাজী নজরুল ইসলাম

## তুমি অনেক দিলে খোদা

তুমি অনেক দিলে খোদা
দিলে অশেষ নিয়ামত–
আমি লোভী, তাই তো আমার
মেটে না হসরত ॥

কেবলই পাপ করি আমি–
মাফ করিতে তাই, হে স্বামী,
দয়া করে শেষ নবির করিলে উম্মত
তুমি নানান ছলে করছ পূরণ
ক্ষতির খেসারত ॥

মায়ের বুকে স্তন্য দিলে,
পিতার বুকে স্নেহ;
মাঠে শস্য-ফসল দিলে;
আরাম লাগি গেহ।

ঈদের চাঁদের রং মশালে
রঙিন বেহেশত পথ দেখালে
আখেরেরই সহায় দিলে আখেরি হজরত
তুমি আজান দিলে না ভুলিতে
মসজিদেরই পথ ॥

কোরান  দিলে পথ দেখাতে,
পাঁচ ওয়াক্ত নামাজ শেখাতে,
নামাজ দিয়ে দেখাইলে মসজিদেরই পথ
তুমি কিয়ামতের শেষে দিবে
বেহেশতি দৌলত ॥

কথা ও সুর : কাজী নজরুল ইসলাম